

# ইমিপি বার্তা

দৃষ্টিহীনদের দৃষ্টি ফিরিয়ে দিন

সেপ্টেম্বর, ২০২৪ সংখ্যা



## সাতারকুল এলাকায় ‘স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম’

১০ সেপ্টেম্বর ২০২৪: সুবিধাবহিত স্কুল শিক্ষার্থীদের বিনামূল্যে চক্ষুসেবা দিতে এমএসএস আই কেয়ার প্রোগ্রামের (ইসিপি) তত্ত্বাবধায়নে ঢাকার বাড়ার সাতারকুল এলাকার ৪১ নং ওয়ার্ড এর পাঁচখোলা প্রাথমিক বিদ্যালয়ে স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে।

ইসিপির সহযোগী প্রাইম ব্যাংক আই হাসপাতালের বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা স্কুল সাইট টেস্টিং প্রোগ্রামে মোট ১০৩ জন (ছাত্র ৪৭, ছাত্রী ৫৬) শিক্ষার্থীর বিনামূল্যে চক্ষু পরীক্ষা করা হয়। এর মধ্যে ৪ জন শিক্ষার্থীকে বিনামূল্যে চশমা বিতরণ ও ৩৫ জনকে ওষুধ দেওয়া হয়। এ ছাড়াও ৬ জনকে উন্নত চিকিৎসার জন্য ইসিপির সহযোগী হাসপাতালে প্রেরণ করা হয়।

মরহুম প্রফেসর এম সফিউল্লাহ ও নুরজাহান বেগমের স্বরণে তাদের সন্তান ও নাতি-নাতনিদের অর্থায়নে দিনব্যাপী এই স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম বাস্তবায়ন করা হয়।

আই কেয়ার প্রোগ্রামের এমন উদ্যোগকে সাধুবাদ জানিয়ে পাঁচখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব অতুল চন্দ্র রায় বলেন, “চোখ পরীক্ষার নানা ধরণের আধুনিক যন্ত্রপাতি দেখে ভালো লাগছে। কৃতজ্ঞতা প্রকাশ করছি এমএসএস আই কেয়ার প্রোগ্রাম ও অর্থদাতাকে আমার ছাত্র-ছাত্রীদের সেবায় এমন একটি আয়োজন করার জন্য।”

**প্রকাশনায় :** মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট  
আই কেয়ার প্রোগ্রাম-মানবিক সাহায্য সংস্থা  
হাউজ - ১১১, ফ্ল্যাট - ৪১, রোড - ৮, ব্রক - এ, বনানী,  
ঢাকা-১২১৩, বাংলাদেশ।  
মোবাইল : ০১৭৩০০২৮০৩৩ ইমেইল : eyecareprogram.mss@gmail.com



EYE CARE PROGRAM  
Manabik Shahajah Sangstha

## চক্ষুসেবা পেলেন প্রত্যন্ত অঞ্চলের ১২৫৯ জন সুবিধাবহিত মানুষ

এমএসএস আই কেয়ার প্রোগ্রামের (ইসিপি) আয়োজনে সেপ্টেম্বর ২০২৪ মাসজুড়ে মোট ৬ টি চক্ষুসেবা ক্যাম্পে বিনামূল্যে ১২৫৯ (পুরুষ ৭৫০, মহিলা ৫০৯) জন সেবাপ্রার্থীদের চক্ষুসেবা প্রদান করা হয়েছে।

দিনাজপুরের বীরগঞ্জ উপজেলার শতগ্রাম ইউনিয়ন পরিষদ, পথওগাড় সদর উপজেলার হাফিজাবাদ ইউনিয়ন পরিষদ, তেঁতুলিয়া উপজেলার তেঁতুলিয়া ইউনিয়ন পরিষদ, শালবাহান ইউনিয়ন পরিষদ, নীলফামারীর জলঢাকা উপজেলার বালাগ্রাম ইউনিয়ন পরিষদ, ঠাকুরগাঁও সদর উপজেলার গড়েয়া ইউনিয়নে আয়োজিত এসব ক্যাম্পে প্রয়োজনীয় ওষুধ বিতরণ করা হয়েছে ৩৫ জন রোগীকে। চোখে ছানি শনাক্ত হয়েছে ৩৫০ জনের, যাদের মাঝে ২২৯ জন রোগীর চক্ষু অপারেশন সম্পন্ন করা হয়েছে ইসিপি'র সহযোগী সেফ হাসপাতাল এবং রংপুর চক্ষু হাসপাতালে। উল্লেখ্য, নীলফামারীর জলঢাকা উপজেলার বালাগ্রাম ইউনিয়ন পরিষদ ব্যতীত ৫ টি আই ক্যাম্প নয়নতরী-ভায়মাণ আই ক্লিনিকের মাধ্যমে সম্পন্ন করা হয়।

এ সম্পর্কে এমএসএস আই কেয়ার প্রোগ্রামের বিশেষজ্ঞ ডাক্তার বলেন, ‘আমরা ক্যাম্পে আসা প্রত্যেকটা চক্ষু রোগীকে পৃথকভাবে পরীক্ষা নিরীক্ষা করছি। ওষুধ-চশমা প্রয়োজন হলে তাদের প্রদান করা হচ্ছে। এছাড়া ছানি শনাক্ত হওয়া রোগীদের আমরা ইসিপির সহযোগী হাসপাতালে রেফার করছি। অপারেশনসহ তাদের সকল ব্যয় ইসিপির অর্থায়নে সম্পন্ন করা হবে।’

চক্ষুসেবা দেওয়ার পাশাপাশি সেবাপ্রার্থীদের মাঝে চোখের যত্নে করণীয় নিয়ে আলোচনা করা হয় এবং সচেতনতামূলক লিফলেট ও পোস্টার বিতরণ করা হয়।



MSS Working for the People

অর্থসামাজিক  
উন্নয়ন  
সফলতার  
কেন্দ্র  
MSS

মোবাইল : ০১৭৩০০২৮০৩৩ ইমেইল : eyecareprogram.mss@gmail.com